T/Mus(1st Sm.) - AECC-1/MIL-Bengali/CBCS/
(For B.A./B.Sc./B.Mus-General Candidates)

# 2020

## AECC - 1

## MODERN INDIAN LANGUAGE — BENGALI

**Full Marks : 80**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**For B.A./B.Sc./B.Mus. General Candidates**

**সঠিক উত্তরটি চিহ্নিত করো।**

প্রতিটি প্রশ্নের মান - ২ ২x৪০

1. 'স্বদেশী সমাজ' প্রবন্ধে রবীন্দ্রনাথ স্বদেশকে উপলব্ধি করতে চেয়েছেন —
   (A) বিশেষ স্থানের মধ্যে (B) বিশেষ ব্যক্তির মধ্যে
   (C) বিশেষ সমাজের মধ্যে (D) বিশেষ ভাষার মধ্যে।

2. 'গ্রামভাটি' হল —
   (A) গ্রামবৃত্তি, বিবাহ, বারোয়ারি কাজের জন্য সংগৃহীত অর্থ (B) জমিদারকে প্রদেয় তীর্থকর
   (C) কোনো বারোয়ারি অনুষ্ঠানের জন্য প্রদেয় অর্থ (D) মেলার জন্য দেওয়া অর্থ।

3. 'স্বদেশী সমাজ' প্রবন্ধে বিদেশ থেকে কী এনে আমাদের দেশে কলকারখানা তৈরির কথা বলা হয়েছে?
   (A) যন্ত্রপাতি (B) কল (C) কল-কব্‌জা (D) যন্ত্র।

4. 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধ অনুযায়ী ভাবের বাহক হল —
   (A) শব্দ (B) সুর (C) ধ্বনি (D) ভাষা।

5. 'মহাভাষ্য' রচনা করেন —
   (A) শবরস্বামী (B) যাজ্ঞবল্ক্য (C) বরাহমিহির (D) পতঞ্জলি।

6. 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধে স্বামী বিবেকানন্দ বলেছেন— 'ভাষা হচ্ছে উন্নতির ________'। শূন্যস্থানে উপযুক্ত শব্দটি হল —
   (A) প্রধান অবলম্বন (B) প্রধান অন্তরায় (C) প্রধান উপায় (D) প্রধান বিষয়।

7. 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধটির রচয়িতা হলেন —
   (A) স্বামী বিবেকানন্দ (B) রবীন্দ্রনাথ ঠাকুর
   (C) দীনেশচন্দ্র সেন (D) বেগম রোকেয়া শাখাওয়াত হোসেন

Please Turn Over

Scanned with CamScanner

8. 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধ অনুযায়ী, পুরুষ যদি বিপুল সম্পত্তির উত্তরাধিকারিণী নারীকে বিবাহ করেন, সেক্ষেত্রে পুরুষ তাঁর —
(A) স্ত্রীর আধিপত্য স্বীকার করে নেন
(B) স্ত্রীকে সম্মান করেন
(C) স্ত্রীর ওপর প্রভুত্ব করেন
(D) স্ত্রীর সম্পত্তি হস্তগত করে, স্ত্রীর ওপর নির্মম অত্যাচার করেন।

9. 'অপবিজ্ঞান' প্রবন্ধে উল্লিখিত 'কাচকড়া' হ'ল —
(A) গ্রানাইট (B) ভল্কানাইট (C) গ্রাফাইট (D) ব্যাকেলাইট।

10. ফসফরাস যখন মৌলিক অবস্থায় থাকে তখন বায়ুর স্পর্শে তা থেকে বের হয় —
(A) আলো (B) ধোঁয়া (C) গ্যাস (D) বাষ্প।

11. প্রথম কাজ আরম্ভ করেই পোস্টমাস্টারকে কোথায় আসতে হয়েছিল?
(A) নিশ্চিন্দাপুর (B) রানীহাট (C) উলাপুর (D) চণ্ডীপুর।

12. "তপ্ত ললাটের উপর শাঁখাপরা কোমল হস্তের স্পর্শ মনে পড়ে" যে গল্পের অংশ —
(A) জীবিত ও মৃত (B) পোস্টমাস্টার (C) বলাই (D) ছুটি।

13. পোস্টমাস্টার চাকরিতে জবাব দিয়ে চলে যাচ্ছেন— একথা রতনকে জানিয়েছিলেন —
(A) চলে যাওয়ার এক সপ্তাহ আগে
(B) চলে যাওয়ার দিন সকালে
(C) চলে যাওয়ার আগের দিন
(D) চলে যাওয়ার দিন-তিনেক আগে।

14. ফটিকের মামার নাম —
(A) শারদাশংকর (B) বিশ্বম্ভর (C) শ্রীপতিচরণ (D) বনমালী।

15. ফটিকের বয়স —
(A) দশ-এগারো (B) বারো-তেরো (C) তেরো-চোদ্দো (D) পনেরো-ষোলো।

16. 'ছুটি' গল্পে বালকেরা নদীর ধারে কোন কাঠের গুঁড়ি নিয়ে খেলছিল?
(A) শাল (B) সেগুন (C) নিম (D) কাঁঠাল।

17. কোন মাসে ফটিক মামার বাড়ি থেকে পালিয়ে যায়?
(A) আষাঢ় (B) ভাদ্র (C) শ্রাবণ (D) কার্তিক।

18. 'জীবিত ও মৃত' গল্পের শারদাশংকরবাবু কোথাকার জমিদার ছিলেন?
(A) রানীকুঠি (B) রানীহাট (C) রানীগঞ্জ (D) রানীতলা।

19. শ্মশান সংলগ্ন কুটির থেকে পলাতকা কাদম্বিনীকে প্রথম কে দেখতে পেয়েছিল?
(A) গুরুচরণ (B) বিধু (C) বনমালী (D) শ্রীপতিচরণ।

20. কার মনে ভিজে হাওয়া যেন শ্রাবণ অরণ্যের গন্ধ নিয়ে ঘনিয়ে ওঠে?
(A) রতনের (B) বলাইয়ের (C) ফটিকের (D) কাদম্বিনীর।

21. 'অসংখ্য বন্ধন-মাঝে' কবি কীরকম মুক্তির স্বাদ পেতে চেয়েছেন?
(A) মহানন্দময় (B) বর্ণগন্ধময় (C) পরমানন্দময় (D) রূপরসময়।

22. "যে-কিছু আনন্দ আছে দৃশ্যে গন্ধে গানে/ ________ আনন্দ রবে তার মাঝখানে"— শূন্যস্থানের উপযুক্ত শব্দটি হল —
(A) আমার (B) তোমার (C) তাহার (D) সবার।

23. "সে নহে আমার"— কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে?
(A) সাংসারিক বন্ধন
(B) অজ্ঞানের বশবর্তী হয়ে ঈশ্বর সাধনা করা
(C) ইন্দ্রিয়ের দ্বার রোধ করে যোগাসন করা
(D) কোনো বিষয়ে প্রতিবাদ করা।

24. নৈবেদ্যর ৬৪ সংখ্যক কবিতা অনুসারে কোন উৎসবে উন্মাদ রাগিণী বাজার কথা বলা হয়েছে?
(A) স্বার্থের উৎসবে (B) মৃত্যুর উৎসবে (C) হিংসার উৎসবে (D) দাঙ্গার উৎসবে।

25. কী ত্যাগ করে জাতিপ্রেমের নামে ধর্মকে বলের বন্যায় ভাষাতে চায় বলবান স্বার্থান্বেষী লোভীরা?
(A) শান্তি-প্রীতি (B) লাজ-লজ্জা (C) লজ্জা-শরম (D) দয়াধর্ম।

26. নৈবেদ্য ৬৫ নং কবিতায়— "আপনার খাদ্য বলি না করি বিচার/জঠরে পুরিতে চায়"— এখানে কী জঠরস্থ করার কথা বলা হয়েছে?
(A) বিশ্বচরাচর (B) বিশ্বধরাতল (C) সর্বধরাতল (D) সর্বমহীতল।

27. 'ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,/ হে রুদ্র, ________ যেন হতে পারি তথা'— শূন্যস্থানে উপযুক্ত শব্দটি হল —
(A) কঠোর (B) কঠিন (C) কপট (D) নিষ্ঠুর।

28. ".... নির্দয় আঘাত করি পিতঃ"— এই উদ্ধৃতিতে কী দিয়ে আঘাত করার কথা বলা হয়েছে?
(A) বুদ্ধি দিয়ে (B) হাত দিয়ে (C) শাস্ত্র দিয়ে (D) তরবারি দিয়ে।

29. "শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন" আজ কাকে ঘিরে ফেলছে?
(A) ভারতবর্ষকে (B) জড় ও জীবজগৎকে (C) ভূ-প্রকৃতিকে (D) ভুবনকে।

30. নৈবেদ্য-র ৭০ সংখ্যক কবিতায় কোন বিষয়কে 'ক্ষীণ দুর্বলতা' বলা হয়েছে?
(A) মোহকে (B) ক্ষমাকে (C) ভক্তিকে (D) প্রেমকে।

31. 'Agronomy' শব্দটির পরিভাষা হল —
(A) কৃষি-সমবায় (B) কৃষিজমি গণনা (C) কৃষিবিদ্যা (D) কৃষিকাজ।

32. 'Prologue' শব্দটির পরিভাষা হল —
(A) প্রস্তাবনা (B) ভবিষ্যনিধি (C) গণভোট (D) বিবেচ্যপত্র।

33. 'Grant' শব্দটির পরিভাষা হল —
(A) সামর্থ্যবোধ (B) শুল্ক (C) পরিচালনা (D) অনুদান, মঞ্জুরি।

34. 'Solo' শব্দটির পরিভাষা হল —
(A) বীরগাথা (B) একক সংগীত (C) দ্বৈত সংগীত (D) রাখালিয়াগীতি।

35. 'Injunction' শব্দটির পরিভাষা হল —
(A) মুলতুবি (B) স্থগিতকরণ (C) আসেধাজ্ঞা/নিবারাজ্ঞা (D) সালিশি।

36. 'Monogram' শব্দটির পরিভাষা হল —
(A) অভিজ্ঞান (B) স্মারকলিপি (C) উৎকীর্ণ ফলক (D) নাম-পত্র।

37. 'Jargon' শব্দটির পরিভাষা হল —
(A) আন্তর্জাতিক ভাষা (B) পেশাগত ভাষা (C) বিদেশি ভাষা (D) অপভাষা।

38. 'Cacology' শব্দটির পরিভাষা হল —
(A) জরাজীর্ণ শব্দ (B) ভুয়া শব্দ (C) অশুদ্ধ শব্দপ্রয়োগ (D) শব্দকোষ।

39. 'Interlingua' শব্দটির পরিভাষা হল —
(A) আন্তর্জাতিক ভাষা (B) পেশাগত ভাষা (C) অশ্লীল ভাষা (D) মিশ্র ভাষা।

40. 'Note-Sheet' শব্দটির পরিভাষা হল —
(A) প্রজ্ঞাপন (B) মন্তব্যপত্র (C) পুরাবৃত্ত (D) ভিন্ন মন্তব্য।

———

Scanned with CamScanner